

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপাত্র

www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৮৭

তারিখ: ৩০ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৪ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ৯৩৯ তম কমিশন সভা।


বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৩৯ তম কমিশন সভা অদ্য ১৪/০১/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

অদ্যকার কমিশন সভায়, পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থ বিবেচনায় দুয়ার সার্ভিসেস পিএলসি (DOER Services PLC) এর কিউআইও (Qualified Investor Offer) এর সাবস্ক্রিপশন স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং এতদসঙ্গে উক্ত বিষয়ে তদন্তের জন্য বিএসইসি ও ডিএসই এর কর্মকর্তাদের সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

উল্লেখ্য, দুয়ার সার্ভিসেস পিএলসি (DOER Services PLC) গত ২৭/০৪/২০২৪ তারিখে কিউআইও (Qualified Investor Offer) এর মাধ্যমে ৫.০০ (পাঁচ) কোটি টাকা উত্তোলনের জন্য কমিশনে আবেদন করে। কমিশনের ০৯ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৯১১ তম কমিশন সভায় শর্তসাপেক্ষে অভিপ্রায় পত্র (Letter of Intent) প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করে।

পরবর্তীতে কোম্পানির উক্ত শর্তসমূহ পরিপালনের শর্ত অনুযায়ী কোম্পানির নিকট হতে দলিলাদি প্রাপ্তির পর কমিশন ০৫ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৯৩৪ তম কমিশন সভায় সম্মতি পত্র (Consent letter) প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করে। এ প্রেক্ষিতে উক্ত কোম্পানি কিউআইও অফারের শেয়ার বরাদ্দ (Share subscription) এর জন্য ১৯ জানুয়ারি ২০২৫ হতে ২৩ জানুয়ারি ২০২৫ তারিখ নির্ধারণ করে। কিন্তু সম্প্রতি উক্ত কোম্পানির সাথে তার বিভিন্ন গ্রাহকের সেবা প্রদান সংক্রান্ত চুক্তি, কোম্পানির আয় ও মুনাফা সংক্রান্ত বিষয়ে গণমাধ্যমে প্রকাশিত সংবাদ কমিশনের দৃষ্টিগোচর হয়। সেই প্রেক্ষিতেই কমিশন সার্বিক বিষয়টি খতিয়ে দেখতে উপর্যুক্ত সিদ্ধান্তটি গ্রহণ করেছে। কমিটির প্রতিবেদন প্রাপ্তির পর এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে


14-01-2025
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র